**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/30/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো নিউ ইয়র্ক সিটিতে ময়নিহান ট্রেন হলের শুভ উদ্বোধন ঘোষণা করেছেন

*1.6 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের প্রকল্প ঐতিহাসিক জেমস এ. ফার্লি পোস্ট অফিস বিল্ডিংকে বিশ্বমানের 255,000 বর্গ ফুট ট্রেন হলে রূপান্তরিত করেছে*

*আধুনিক ট্রানজিট হাব কয়েক দশকের মধ্যে নিউ ইয়র্কের সবচেয়ে উচ্চাভিলাষী পরিবহন এবং অবকাঠামো উন্নয়নের প্রতিনিধিত্ব করে*

*উদ্ভাবনী রাষ্ট্রীয় নেতৃত্বাধীন অংশীদারিত্ব COVID সম্পর্কিত চ্যালেঞ্জ সত্ত্বেও সময় এবং বাজেটের মধ্যে প্রকল্প সম্পন্ন করেছে*

*পেন স্টেশনের ইস্ট এন্ড গেটওয়ে নববর্ষের প্রাক্কালে খোলা হবে- যা 33তম স্ট্রিট এবং 7ম এভিনিউতে LIRR কনকোর্সের একটি আইকনিক নতুন প্রবেশদ্বার*

*ছবি পাওয়া যাবে এখানে*

*বি-রোল পাওয়া যাবে এখানে এবং এখানে*

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ মিডটাউন ম্যানহাটনের কেন্দ্রস্থলে 255,000 বর্গ ফুটের ময়নিহান ট্রেন হলের বিশাল উদ্বোধনের ঘোষণা দিয়েছেন যা 21 শতকের জন্য ডিজাইনকৃতএকটি ট্রেন হল। 1.6 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প 100 বছরেরও বেশি পুরাতন জেমস এ. ফার্লি পোস্ট অফিস বিল্ডিংটিকে একটি আধুনিক, বিশ্বমানের ফেসিলিটিতে পরিণত করে যা বিদ্যমান পেন স্টেশন রেল কমপ্লেক্স কনকোর্সের জায়গা প্রায় 50 শতাংশ বৃদ্ধি করে। গভর্নর এছাড়াও ঘোষণা করেন যে 33তম স্ট্রিট এবং 7ম এভিনিউতে পেন স্টেশনের ইস্ট এন্ড গেটওয়ে নববর্ষের প্রাক্কালে খোলা হবে। হলটির নাম করণ করা হয়েছে প্রাক্তন মার্কিন সিনেটর ড্যানিয়েল প্যাট্রিক ময়নিহান।

"এই চমৎকার নতুন ট্রেন হলের সম্পাদন যেকোন সময় একটি বিশেষ অর্জন হবে, কিন্তু আজকে এটি একটি অসাধারণ অর্জন কারণ আমরা এমন এক জায়গায় আছি যেখানে কেউ কল্পনাও করতে পারেনি। এটা একটা মর্মান্তিক বছর, ব্যক্তিগত এবং সমষ্টিগতভাবে, এবং আমাদের মুখোমুখি হওয়া প্রশ্ন হচ্ছে, আমরা কিভাবে সাড়া দেবো?" **গভর্নর কুওমো বলেন।** "সিনেটর ড্যানিয়েল প্যাট্রিক ময়নিহান সত্যিকারের দূরদৃষ্টির মানুষ ছিলেন। তিনি একটি অব্যবহৃত ডাকঘরে সম্ভাবনা দেখেছেন

এবং জানতেন যে যদি সঠিকভাবে সম্পন্ন হয়, তাহলে এই সুবিধা শুধুমাত্র নিউ ইয়র্ককে ট্রানজিট হাব দিতে পারে না, বরং জনগণের জন্য একটি স্মৃতিস্তম্ভ হিসেবে কাজ করে। আমরা বর্তমানে কেমন এবং আমরা কেমন হতে চাই তার একটি বিবৃতি হিসেবে আমরা এটি নির্মাণ করেছি। এটা কি চমৎকার? হ্যাঁ। এটা কি সাহসী? হ্যাঁ, কারণ এটাই নিউ ইয়র্কের আত্মা এবং আমরা আমাদের দর্শকদের, আমাদের সন্তানদের এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে এই বিবৃতি দিতে চাই। 2020 সাল অনেক অন্ধকার ছিল, এই নতুন হলটি আলো নিয়ে আসবে, আক্ষরিক অর্থে এবং কল্পনাপ্রসূতভাবে, যারা এই মহান শহরে আসেন তাদের জন্য।"

"এই উল্লেখযোগ্য প্রকল্প একটি শতাব্দী প্রাচীন ভবনকে একটি আধুনিক গেটওয়েতে রূপান্তরিত করে যা পেন স্টেশনকে প্রসারিত করে এবং উল্লেখযোগ্যভাবে পর্যটকদের অভিজ্ঞতা বৃদ্ধি করে," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "ময়নিহান ট্রেন হল প্রয়াত সিনেটর ড্যানিয়েল প্যাট্রিক ময়নিহানের স্মৃতিতে অগ্রগতির একটি আলোকসজ্জা হিসেবে দাঁড়িয়ে আছে, যার জন্য কাজ করতে পেরে আমি গর্বিত এবং যিনি আমাদের দেশকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করেছেন। এই বিশ্বমানের উন্নয়ন আমাদের আরো ভালো ভাবে গড়ে তোলা, আমাদের অবকাঠামো উন্নয়ন এবং আমাদের অর্থনীতিকে এখন এবং মহামারী পরবর্তী ভবিষ্যতে শক্তিশালী করার প্রতি আমাদের অঙ্গীকারের একটি প্রমাণ।"

ট্রেন হলের চমৎকার নকশা ধ্রুপদী এবং সমসাময়িকতার একটি অনন্য মিশ্রণ, এবং এতে একটি এক-একর-আকাশ-আলোকিত অ্যাট্রিয়াম, একটি সিগনেচার ঘড়ি, অত্যাধুনিক প্রযুক্তি, পরিষ্কার যাতায়াত পথ, পূর্ণ প্রবেশাধিকার, এবং জাদুঘর-মানের পাবলিক আর্ট রয়েছে। এটি এই জটিল সময়ে তাৎক্ষণিক সুবিধা প্রদান করে এবং এর পাশাপাশি হাজার হাজার যাত্রী, প্রতিবেশী এবং দর্শনার্থীদের সুবিধা, স্বাস্থ্য এবং দৈনন্দিন অভিজ্ঞতা গভীরভাবে বৃদ্ধি করে। প্রকল্পটি কয়েক দশক আগে প্রথম আবির্ভূত হয় পেন স্টেশনের সবচেয়ে কুখ্যাত অনেক বিষয় মোকাবেলার নেতৃস্থানীয় কৌশল হিসেবে এবং গভর্নর কুওমোর নিরবচ্ছিন্ন এবং অদম্য নেতৃত্বের সৌজন্যে অসংখ্য বাধা এবং লাল ফিতা অতিক্রম করে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) এর নেতৃত্বে 1.6 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি ESD, ভোরনাডো রিয়েলটি ট্রাস্ট, দ্য রিলেটেড কোম্পানিজ, স্কানস্কা, মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA), লং আইল্যান্ড রেল রোড (Long Island Rail Road, LIRR), অ্যামট্র্যাক এবং নিউ ইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey, PATH) মধ্যে একটি উদ্ভাবনী সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে সম্পন্ন হয়। এটি নির্মাণ স্ট্রিমলাইন এবং দ্রুত সম্পন্ন করার জন্য একটি নকশা-নির্মাণ পদ্ধতি ব্যবহার করে। ময়নিহান ট্রেন হল নির্মাণ 5 বিলিয়ন মার্কিন ডলার আনুমানিক অর্থনৈতিক প্রভাব সৃষ্টি করেছে, 5,000 নির্মাণ কর্মসংস্থান এবং 11,000 পরোক্ষ কর্মসংস্থান সমর্থন করে। উপরন্তু, মূল প্রকল্প ব্যবস্থাপনা দলের 42 শতাংশের ও বেশি নারী ছিল।

ময়নিহান ট্রেন হল পশ্চিম গোলার্ধের ব্যস্ততম যাত্রী পরিবহন সুবিধার ভ্রমণ অভিজ্ঞতা পুনর্গঠন করে, যা প্রতিদিন 700,000 এর ও বেশী যাত্রী ব্যবহার করে– লাগার্ডিয়া, জন এফ কেনেডি এবং নিউআর্ক আন্তর্জাতিক বিমানবন্দরের চেয়ে বেশি। প্রধান হলটি একসময় পোস্ট অফিসের মেইল সর্টিং রুম হিসেবে কাজ করত যা মূল পেন স্টেশনের ভল্ট করা কনকোর্সের কথা মনে করিয়ে দেয়, যেখানে 92 ফুট উঁচু একটি স্কাইলাইট রয়েছে যার মাথায় এক একর কাঁচ বসানো। ভবনের মূল ইস্পাতের তিনটি জটিল ল্যাটিস ফ্রেমওয়ার্ক দ্বারা সমর্থিত, নতুন স্কাইলাইট ট্রেন কনকোর্সের উপর দিয়ে গেছে, এবং প্রাকৃতিক আলোতে যাত্রীদের স্নান করিয়ে দেয়।

সকল LIRR এবং অ্যামট্র্যাক ট্রেন এখন ট্রেন হল থেকে প্রবেশযোগ্য 17 ট্র্যাক দ্বারা পরিবেশিত হয়, যা 9ম এভিনিউ এবং ৪ম এভিনিউ সাবওয়ের সাথে সরাসরি সংযোগ প্রদান করে। LIRR এর জন্য, ট্রেন হলটি বিশ্বমানের সুবিধা এবং সম্পূর্ণ গ্রাহক সেবা এবং 7ম এভিনিউ থেকে 9ম এভিনিউ পর্যন্ত সরাসরি প্ল্যাটফর্ম অ্যাক্সেস পয়েন্টের সুবিধার বিকল্প বৃদ্ধি এবং প্রসারিত করে। অ্যামট্র্যাকের জন্য, ট্রেন হলটি নিউ ইয়র্ক সিটিতে তার নতুন বাড়ি হয়ে ওঠে– বিদ্যমান স্টেশন থেকে সকল প্রাথমিক যাত্রী অপারেশন স্থানান্তর এবং প্রতিস্থাপন করার মাধ্যমে।

পাবলিক আর্ট ফান্ডের সাথে যৌথভাবে, ময়নিহান ট্রেন হল বিশ্বের তিনজন নেতৃস্থানীয় শিল্পী স্ট্যান ডগলাস, কেহিন্দে ওয়াইলি এবং শৈল্পিক জুটি এলমগ্রিন এবং ড্রাগসেট এর উচ্চাভিলাষী, স্থায়ী শিল্প স্থাপনা প্রদর্শন করে। তৈরি করা ঐতিহাসিক শিল্পকর্ম নিউ ইয়র্ক এবং এই নতুন পরিবহন গেটওয়ের গতিশীলতা এবং রূপান্তরের প্রতীক। ওয়াইলি এবং এলমগ্রিন এবং ড্রাগসেট দ্বারা সিলিং ইনস্টলেশন ট্রেন হলের দুটি প্রাথমিক প্রবেশদ্বারকে সংজ্ঞায়িত করে, যখন ডগলাসের ফটো সিরিজ চারটি 22 ফুট লম্বা বিভাগে দেওয়ালে প্রদর্শিত হয় যা প্রধান বোর্ডিং কনকোর্স সংলগ্ন যাত্রী প্রতীক্ষা এলাকা জুড়ে বিস্তৃত। শহরের সৃজনশীলতা, বৈচিত্র্য এবং ঐতিহ্যের একটি প্রমাণ, তিনটি বিশাল কমিশন ময়নিহান ট্রেন হলের নাগরিক চরিত্রকে আলিঙ্গন করে এবং মূল পেন স্টেশন এবং ফার্লি ডাকঘরের ইতিহাস এবং ঐশ্বর্য সম্পর্কে একটি নতুন দৃষ্টিভঙ্গি প্রদান করে।

মেঝের উপর কেন্দ্রীয় ট্রাস থেকে স্থাপিত, পেনোয়ার আর্কিটেক্টসের ডিজাইন করা ছয় ফুট বাই 12 ফুট ঘড়ি রেল ভ্রমণের স্বর্ণযুগের জন্য স্মৃতিকাতরতা উস্কে দেয়। প্রধান ট্রেন হলের মেঝে এবং দেয়ালের জন্য ৪0,000 বর্গ ফুটেরও বেশি মার্বেল ব্যবহার করা হয়, যা 100 বছর আগে গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনালের জন্য মার্বেল সরবরাহ করা একই টেনেসি কোয়ারি থেকে উৎপন্ন হয়েছিল।

**ইউএস সিনেটর চার্লস শুমার বলেন,** "কয়েক দশকের কাজের পর, আজ আমরা নববর্ষের কর্ক পপ করছি চমৎকার ময়নিহান ট্রেন হল উদ্বোধন উদযাপন করতে-- LIRR এবং অ্যামট্র্যাক যাত্রীদের জন্য একটি বিশাল, স্কাইলাইট সজ্জিত, আধুনিক ট্রানজিট পোর্টাল যা অতীতের পেন স্টেশনকে তুলনায় ধুলোয় মিশিয়ে দেবে। সিনেটর ড্যানিয়েল প্যাট্রিক ময়নিহান প্রথম ঘোষণা করেন যে নিউ ইয়র্কের জন্য বড় চিন্তা করতে হবে এবং একটি গ্র্যান্ড ট্রানজিট কমপ্লেক্স নির্মাণ করা হবে যা এই সাইটে স্থাপত্যের গৌরব পুনরুদ্ধার করবে, যখন এটি আরেক শতকের জন্য নিউ ইয়র্কের প্রবৃদ্ধি এবং প্রাধান্যের জন্য প্রয়োজনীয় গণ পরিবহন অবকাঠামো প্রতিষ্ঠা করবে। সিনেটর ময়নিহান এটিকে দুইভাবে দেখেছেন– একটি ঐতিহাসিক ভুল সংশোধনের একটি অনন্য সুযোগ– অর্ধ শতাব্দী

আগে, ম্যাককিম, মিড এবং হোয়াইটের মূল পেনসিলভানিয়া স্টেশনের মর্মান্তিক ধ্বংস - এবং একটি সুন্দর, নতুন, ব্যবহারকারী বান্ধব পাবলিক স্পেস তৈরি করা যা নিউ ইয়র্কবাসী এবং সকল আমেরিকানরা উপভোগ করতে পারে। আমার ভালো বন্ধু প্যাট সেই অনুপ্রাণিত দর্শনের জন্য একজন নিরলস প্রবক্তা ছিলেন। তারপর তিনি সেই ব্যাটন আমার হাতে তুলে দেন, এবং এই প্রকল্পের অগ্রগতির জন্য নিউ ইয়র্ক এবং অ্যামট্র্যাককে গুরুত্বপূর্ণ সহায়তায় লক্ষ লক্ষ ডলার সরবরাহ করতে পেরে আমি গর্বিত এবং আনন্দিত। গভর্নর কুওমো, এবং অ্যামট্র্যাক, ভোরনাডো, স্কানস্কা, রিলেটেড, বিশাল কোভিড চ্যালেঞ্জের মুখে এই প্রকল্পে একটি চমৎকার কাজ করেছেন - এবং LIRR অ্যামট্র্যাক, এবং পরিশেষে মেট্রো নর্থের যাত্রী, এবং সেই সাথে নিউ ইয়র্কের সকল যাত্রীরা এই 21 শতকের রেল হাবের সুবিধা লাভ করবে।"

**কংগ্রেস সদস্য জেরল্ড ন্যাডলার বলেন,** "ময়নিহান স্টেশন আমাদের শহরের অবকাঠামোতে একটি গুরুত্বপূর্ণ সংযোজন এবং একটি উপযুক্ত উদ্যোগ যা প্রয়াত সিনেটর ময়নিহানের উত্তরাধিকার সংরক্ষণে সাহায্য করে, যিনি প্রথম এই প্রকল্পকে চ্যাম্পিয়ন করেছিলেন। আমি দীর্ঘদিন ধরে ওয়াশিংটনে এই প্রকল্পের জন্য তহবিল সমর্থন করেছি, এটি অবকাঠামো উন্নয়ন এবং অর্থনৈতিক উন্নয়ন উৎপাদন করে যা নিউ ইয়র্কের প্রয়োজন, বিশেষ করে যখন আমরা এই কঠিন অর্থনৈতিক সময়ে পুনরুদ্ধার করছি। এটি হাজার হাজার ভালো কর্মসংস্থান সৃষ্টি করবে, এবং যাত্রীদের জন্য আমাদের ক্ষমতা প্রসারিত করবে এবং নিউ ইয়র্ক- এবং বিশেষ করে, পশ্চিম পার্শ্বকে - যাত্রী এবং পর্যটকদের জন্য আরো সহজলভ্য করে তুলবে।"

**কংগ্রেসওম্যান ক্যারোলিন বি. ম্যালনি বলেন,** "নিউ ইয়র্ক সিটিকে ভবিষ্যতের দিকে ধাবিত করার জন্য আমি দীর্ঘদিন ধরে আধুনিক পরিবহন উদ্যোগের প্রবক্তা ছিলাম, এবং ময়নিহান হল তার নিদর্শন। এই ধরনের প্রকল্প, সেকেন্ড এভিনিউ সাবওয়ে, এবং ইস্ট সাইড এক্সেস সহ, আমাদের শহর আমাদের ভবিষ্যতে স্মার্ট বিনিয়োগ করছে এবং একটি আধুনিক পরিবহন কেন্দ্র হয়ে উঠছে। আমি এই প্রকল্পগুলো সম্পন্ন করার জন্য গভর্নর কুওমোর সাথে কাজ করার জন্য উদগ্রীব।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক গার্টলার বলেন,** "গভর্নর কুওমোর নেতৃত্ব এবং স্বপ্নের কল্যাণে, সরকারি ও বেসরকারি খাত যখন একসাথে কাজ করে তখন কী অর্জন করা যেতে পারে ময়নিহান রেল হল হচ্ছে তার উদাহরণ। এই প্রজন্মের মধ্যে, ময়নিহান শুধুমাত্র সমগ্র পূর্ব উপকূল বরাবর যাত্রী এবং ভ্রমণকারীদের জন্য পরিবহন সেবা বৃদ্ধি করবে না, একই সাথে আগামী কয়েক দশক ধরে নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি শক্তিশালী অনুঘটক হবে।"

**অ্যামট্র্যাক বোর্ডের চেয়ারম্যান টনি কসিয়া বলেছেন,** "অ্যামট্র্যাকের ময়নিহান ট্রেন হল এই অবিশ্বাস্য শহরে ভ্রমণের সময় আমাদের গ্রাহকদের প্রাপ্য বিশ্বমানের রেল ভ্রমণের অভিজ্ঞতা প্রদান করবে। সুন্দর ভিস্তা, আধুনিক নকশা, নতুন সুবিধা এবং বর্ধিত প্রবেশ যোগ্যতা বৈশিষ্ট্য আমাদের নেটওয়ার্ক জুড়ে অ্যামট্র্যাক কী ধরনের উন্নতি করছে তা প্রদর্শন করে। অ্যামট্র্যাক 35 বছর আগে এই পরিকল্পনার স্বপ্ন দেখেছিল এবং আমরা গভর্নর, সিনেটর শুমার এবং নিউ ইয়র্ক কংগ্রেশনাল

প্রতিনিধি দল এবং আমাদের সকল অংশীদারদের ধন্যবাদ জানাই এটিকে বাস্তবে পরিণত করতে সাহায্য করার জন্য।"

**অ্যামট্র্যাকের প্রধান নির্বাহী কর্মকর্তা বিল ফ্লিন বলেন,** "ময়নিহান ট্রেন হল সর্বোত্তম ভ্রমণ অভিজ্ঞতা প্রদানে অ্যামট্র্যাকের অঙ্গীকারের প্রতিনিধিত্ব করে। উন্নত যাত্রী স্বাচ্ছন্দ্য এবং নিরাপত্তা, নতুন সুবিধা এবং বর্ধিত প্রবেশাধিকার বৈশিষ্ট্য সহকারে, এটি সেই ধরনের রেল স্টেশন যা প্রয়াত সিনেটর ময়নিহান সবসময় নিউ ইয়র্ক সিটির ভ্রমণকারীদের জন্য কল্পনা করতেন।"

**MTA এর চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট্রিক ফোয়ি বলেন,** "ময়নিহান ট্রেন হল সম্পন্ন করা পেন স্টেশনের জন্য একটি নতুন অধ্যায় হিসেবে চিহ্নিত করা হয়েছে যখন আমরা 2021 সাল শুরু করছি এবং এটি এম্পায়ার স্টেশন কমপ্লেক্সের অংশ হিসেবে নতুন প্রবৃদ্ধি এবং বিনিয়োগ বয়ে আনবে। দশকের পর দশক ধরে ব্যর্থ প্রতিশ্রুতি এবং চলমান COVID-19 মহামারীর মধ্যে গভর্নর কুওমোই এটা সম্পন্ন করেছেন এবং নিউ ইয়র্কবাসীদের জন্য সরবরাহ করেছেন। নতুন ইস্ট এন্ড গেটওয়ের বিশাল উদ্বোধন ভবিষ্যতের জন্য ক্ষমতা বৃদ্ধি এবং সামগ্রিক গ্রাহক অভিজ্ঞতা উন্নত করার সময় পেন স্টেশনের একটি আইকনিক প্রবেশদ্বার হিসেবে কাজ করবে।"

**MTA কন্সট্রাকশন ও ডেভেলপমেন্টের (MTA Construction & Development) প্রেসিডেন্ট জ্যানো লাইবার বলেন,** "ময়নিহান ট্রেন হল লং আইল্যান্ড রেল রোড গ্রাহকদের প্ল্যাটফর্মে অ্যাক্সেস এবং নাটকীয়ভাবে উন্নত সুবিধা প্রদান করে। এটি বিদ্যমান পেন স্টেশন রূপান্তরের প্রয়োজনীয়তা তুলে ধরে, এবং সেই কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। এই সপ্তাহে আমরা 33 তম স্ট্রিট এবং সপ্তম এভিনিউতে কমপ্লেক্সে একটি বিশ্বমানের প্রবেশদ্বার খুলবো, এবং LIRR 33তম স্ট্রিট করিডোরের প্রস্থ দ্বিগুণ করার কাজ চলছে, যা NJ TRANSIT এবং সাবওয়ে গ্রাহকদের জন্য একটি গুরুত্বপূর্ণ পথ। গভর্নর কুওমোর নেতৃত্বে আমরা নিউ ইয়র্কবাসীদের 21 শতকের পরিবহন হাব যা তাদের প্রাপ্য তা সরবরাহ করতে পারি।"

**MTA লং আইল্যান্ড রেল রোডের প্রেসিডেন্ট ফিল ইং বলেন,** "LIRR গ্রাহকরা দীর্ঘদিন ধরে একটি কেন্দ্রীয় হাবের জন্য অপেক্ষা করছে যা শুধুমাত্র তাদের ভ্রমণের চাহিদা পূরণ করে না বরং একটি বিশ্বমানের অভিজ্ঞতা প্রদানের জন্য সব রকম ব্যবস্থা করে - এবং আমি গর্বিত যে সেই দিন অবশেষে এসেছে। সকল LIRR কর্মী এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে ধন্যবাদ যারা এই বিশাল প্রচেষ্টাকে সফল করতে সাহায্য করেছে, এবং গভর্নর কুওমোকে তার নেতৃত্ব এবং দর্শনের জন্য ধন্যবাদ, যখন আমরা আমাদের গ্রাহকদের আরেকটি প্রধান অবকাঠামো উন্নয়ন প্রদান করছি যা তাদের প্রাপ্য।"

**নিউ ইয়র্কের পোর্ট অথরিটি ও নিউ জার্সির নির্বাহী কর্মকর্তা রিক কটন বলেন,** "ঐতিহাসিক ফার্লি পোস্ট অফিসের চমৎকার স্থাপত্যকে 21 শতকের একটি ট্রেন স্টেশনে রূপান্তরের মাধ্যমে, ময়নিহান ট্রেন হল একটি নিউ ইয়র্ক আইকন এবং একটি গন্তব্য হয়ে উঠবে। কয়েক দশকের বিফল প্রচেষ্টার পর গভর্নর কুওমোর মত একজন একাগ্র এবং স্বপ্নদর্শী সরকারী কর্মকর্তার প্রয়োজন পড়ে তিনটি ফেডারেল এজেন্সি, দুটি নগর সংস্থা, তিনটি প্রধান পরিবহন সংস্থা এবং নিউ ইয়র্কের দুটি প্রধান

পরিবহন সংস্থাকে একত্র করে প্রকল্পটিকে এমন একটি অস্বাভাবিক সফল উপসংহারের দিকে এগিয়ে নিয়ে যেতে।"

পর্যটকদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং প্রবেশাধিকারের কথা মাথায় রেখে, প্রকল্পটি নাটকীয়ভাবে কনকোর্স স্পেস এবং প্ল্যাটফর্ম অ্যাক্সেস ক্ষমতা প্রসারিত করে, এবং একটি স্বাস্থ্যকর পরিবেশ সমর্থন করার জন্য স্যানিটেশন এবং বায়ু প্রবাহ উন্নত করে। এই উন্নতি ভিড় হ্রাস করবে এবং বোর্ডিং সহজ করবে, যথাযথ সামাজিক দূরত্ব এবং নিরাপদ এবং স্বাস্থ্যকর ভ্রমণ সুবিধা প্রদান করবে। পরিবেশিত সকল প্ল্যাটফর্মের লিফটে প্রবেশাধিকার আছে, যা স্টেশনের মোট লিফট ধারণ ক্ষমতাকে 50 শতাংশের বেশি বৃদ্ধি করে এবং প্রবেশাধিকারের চাহিদা সম্পন্ন পর্যটকদের সমর্থন করে। উপরন্তু, LIRR কনকোর্স পুনঃনকশা প্রাক্তন করিডোরের প্রস্থ প্রায় তিনগুণ বৃদ্ধি করে, উল্লেখযোগ্যভাবে ছাদ উঁচু করে এবং বর্ধিত আলোক ব্যবস্থা প্রদান করে ভিড় হ্রাস করে।

ময়নিহান ট্রেন হল পরিষ্কার, সামঞ্জস্যপূর্ণ, অত্যাধুনিক ওয়েফাইন্ডিং এবং মেসেজিং একত্রিত করে, যার মধ্যে রয়েছে সুবিধা জুড়ে ডজন খানেক হাই-রেস এলইডি এবং এলসিডি ডিসপ্লে যা আপ-টু-মিনিট ট্রানজিট তথ্য প্রদান করে। উন্নত যাত্রী অভিজ্ঞতায় উভয় রেলপথের জন্য নির্দিষ্ট গ্রাহক সেবার অবস্থান, একটি বিনামূল্যে পাবলিক ওয়াই-ফাই নেটওয়ার্ক যা পরবর্তী প্রজন্মের ওয়াই-ফাই 6 ব্যবহার করে, এবং স্তন্যদানকারী মায়েদের জন্য একটি নিবেদিত লাউঞ্জ বৈশিষ্ট্যযুক্ত।

সহ কাঠামো, মূল পেন স্টেশন ধ্বংসের প্রেক্ষাপটে ফার্লি বিল্ডিং ছিল প্রথম ভবন যা সংরক্ষণ আইনের অধীনে ঐতিহাসিক ভাবে প্রতিষ্ঠিত হয়েছিল। ফার্লি বিল্ডিং এর 200,000 বর্গ ফুট পাথরের প্রবেশপথ, 700 জানালা, তামার ছাদ এবং ইস্পাত ট্রাস এমন অনেক অনন্য বিবরণের মধ্যে পড়ে যা সম্পূর্ণরূপে পুনরুদ্ধার করা হয়েছে। নতুন বাহ্যিক বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে রাস্তা এবং ফুটপাথের উন্নয়ন, ঐতিহাসিক 'শুষ্ক পরিখা' পুনরুদ্ধার এবং নিরাপত্তা বৃদ্ধি। ময়নিহান ট্রেন হল তার টেকসই নকশা এবং নির্মাণের জন্য LEED সিলভার সার্টিফিকেট অনুসরণ করছে।

নতুন ইস্ট এন্ড গেটওয়ে কার্যকরভাবে রাস্তার স্তর এবং বিদ্যমান পেন স্টেশনের LIRR কনকোর্সের মধ্যে আসা যাওয়া দ্বিগুণ করে এবং তিনটি অত্যাধুনিক এসক্যালেটর এবং একটি সিঁড়ি অন্তর্ভুক্ত করে। এসক্যালেটরগুলো শীতল আবহাওয়ায় অপারেশন নিশ্চিত করতে হিটার সহ স্মার্ট বৈশিষ্ট্য সজ্জিত এবং এতে রয়েছে একটি "স্লিপ মোড" যা শক্তি সংরক্ষণ করবে এবং তাদের দীর্ঘায়ু বৃদ্ধি করবে। নতুন প্রবেশদ্বার LIRR কনকোর্স এবং নিউ ইয়র্ক সিটি ট্রানজিট 1/2/3 এবং A/C/E সাবওয়ে লাইনে সরাসরি এবং সহজে প্রবেশাধিকার প্রদান করে।

বিদ্যমান পেন স্টেশনে গভর্নরের উদ্যোগের অংশ হিসেবে, বর্তমান LIRR করিডোরের প্রস্থ তিনগুণ করার জন্য নির্মাণ কাজ চলছে, যেখানে উচ্চ ছাদ, উন্নত ভেন্টিলেশন এবং প্রথম শ্রেণীর যাত্রী সুবিধা যোগ করা হচ্ছে যাতে ভিড় কমানো যায় এবং যাত্রীদের স্বাস্থ্য, সুবিধা এবং আরাম বৃদ্ধি করা যায়।

**স্কান্সকা USA প্রেসিডেন্ট এবং CEO রিচার্ড কেনেডি বলেন,** "নতুন ময়নিহান ট্রেন হল উদ্বোধন নিউ ইয়র্কের সমৃদ্ধ এবং অনন্য ইতিহাসকে জীবন্ত করে তোলে, যা মিডটাউন ম্যানহাটনের কেন্দ্রস্থলে একটি বিশ্বমানের পরিবহন কেন্দ্রে রূপান্তরিত হয়। এটি বাসিন্দা, যাত্রী এবং পর্যটকদের একটি উল্লেখযোগ্যভাবে ভালো অভিজ্ঞতা প্রদান করবে। আট বছর ধরে নির্মিত, এবং একটি বৈশ্বিক মহামারীর মধ্যে, আমরা আমাদের অংশীদার এবং শত শত নিবেদিত কর্মী এবং সাব-কন্ট্রাক্টরকে ধন্যবাদ জানাই যারা এই প্রকল্পটি সময়মত এবং বাজেটে প্রদান করেছে- যা নিউ ইয়র্কের জটিল ট্রানজিট অবকাঠামোকে আরো পুনর্গঠন করেছে।"

**WSP USA এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং উত্তর-পূর্ব পরিচালক গ্যারি ই. নুনেস বলেছেন,** "WSP এর জন্য ফার্লি পেন স্টেশন/ ময়নিহান ট্রেন হল আইকনিক প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার হিসেবে ESD হিসেবে দায়িত্ব পালন করা সম্মানের। ঐতিহাসিক জেমস এ. ফার্লি পোস্ট অফিসে অবস্থিত এই চমৎকার নতুন ট্রেন হল 20 বছরেরও বেশি সময় ধরে দেখা একটি স্বপ্ন ছিল। কিন্তু আমাদের গভর্নর অ্যান্ড্রু কুওমোর নেতৃত্ব এবং দৃঢ়তা এই দিনটিকে বাস্তবে পরিণত করতে পেরেছে। পৃথিবীর সবচেয়ে বড় শহরের মত নিউ ইয়র্ক সিটিতে রেল যাত্রীদের শুভেচ্ছা জানাতে প্রস্তুত ময়নিহান ট্রেন হল। সবাইকে অভিনন্দন।"

**ভোরনাডো রিয়েলটি ট্রাস্টের চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা স্টিভেন রথ বলেন,** "ভোরনাডো এই রূপান্তরমূলক নাগরিক প্রকল্প সম্পন্ন করতে গভর্নর এবং নিউ ইয়র্ক রাজ্যের সাথে যোগ দিতে পেরে আনন্দিত। ময়নিহান ট্রেন হল শুধুমাত্র বিদ্যমান পেন স্টেশন কমপ্লেক্সের একটি বিশাল সংযোজন হবে না, একই সাথে ম্যানহাটনের সমৃদ্ধ পশ্চিম দিকের গেটওয়ে এবং ভবিষ্যৎ উন্নয়নের জন্য একটি অনুঘটক হবে। একটি বিশ্বমানের খুচরা এবং ডাইনিং অফার সহ একটি বিস্ময়কর, পুনঃকল্পিত ঐতিহাসিক ভবনে অবস্থিত, এটা হবে আমাদের মহান শহরের পর্যটকদের এবং নিউ ইয়র্কবাসী প্রাপ্য গন্তব্য। এই চ্যালেঞ্জিং সময়ে, বিশেষ করে হাজার হাজার নির্মাণ শ্রমিক, যারা এই অসাধারণ কাজের জন্য বিশাল প্রচেষ্টায় অবদান রেখেছেন তাদের সবাইকে আমরা ধন্যবাদ জানাই।"

**পাবলিক আর্ট ফান্ড ডিরেক্টর এবং চিফ কিউরেটর নিকোলাস বাউম বলেন,** "অতীত, বর্তমান এবং ভবিষ্যতের থিমের প্রতিফলনে, স্ট্যান ডগলাস, এলমগ্রিন এবং ড্রাগসেট এবং কেহিন্দে ওয়াইলি নতুন ময়নিহান ট্রেন হলে দর্শকদের স্বাগত জানিয়েছেন। শিল্প এবং সংস্কৃতির সমার্থক একটি বৈশ্বিক শহরে এটা উপযুক্ত যে এই কাজগুলো তাদের সৌন্দর্য, মানবতা, উচ্চাকাঙ্ক্ষা এবং প্রযুক্তিগত আধিপত্যে জ্বলজ্বল করে- এই অসাধারণ নতুন ট্রানজিট হাবের চেতনাকে ধারণ করে। আজকের সবচেয়ে উন্নত ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে, স্ট্যান ডগলাসের মহাকাব্যিক ফটোগ্রাফিক সিরিজ মূল পেন স্টেশন পুনর্নির্মাণ এবং নয়টি ঐতিহাসিক মুহূর্তকে জীবন্ত করে তোলে। এলমগ্রিন এবং ড্রাগসেটের কর্ম একটি কাল্পনিক সিটিস্কেপ হওয়ার স্বপ্ন দেখে যা ছাদ থেকে নেমে আসে এবং একটি সমসাময়িক মেগাসিটির গতিশীলতা এবং শক্তি বিকিরণ করে। কেহিন্দে ওয়াইলির হাতে আঁকা, আলোকিত কাঁচ ধ্রুপদী সিলিং ফ্রেস্কোকে নতুন করে আবিষ্কার করে। তার মহাজাগতিক দৃশ্য গুলো তরুণ, কৃষ্ণাঙ্গ নিউ ইয়র্কবাসীদের ব্রেকড্যান্স থেকে ধার করা পোজে ভরে উঠেছে, এই নতুন নাগরিক স্থানে এক উচ্ছ্বসিত অভিব্যক্তি রচনা করেছে যা আমাদের শহরের রাস্তায় উৎপত্তি লাভ

করে। চিত্তাকর্ষক এবং শক্তিশালী, প্রতিটি কাজ নিউ ইয়র্কের সমৃদ্ধ ঐতিহ্য, এর বৈচিত্র্যময় এবং প্রতিভাবান মানুষ, এবং এর অদম্য সৃজনশীলতা দ্বারা অনুপ্রাণিত।"

**অবসরপ্রাপ্ত স্কিডমোর, ওউইংস এবং মেরিল ডিজাইন পার্টনার রজার ডাফি বলেন,** "এই প্রকল্পের সবচেয়ে উল্লেখযোগ্য বিষয় হচ্ছে যেভাবে এটি একটি কম ব্যবহৃত এবং কম প্রশংসিত ভবনকে একটি নতুন, এই শহরের জন্য আমন্ত্রণ সদর দরজায় পরিণত করেছে। আমরা এমন একটা জায়গা রচনা করেছি যা মূল পেন স্টেশনের মহিমা জাগিয়ে তোলে, পাশাপাশি বহুকাল ধরে নিউ ইয়র্ক থেকে আসা যাওয়া যাত্রীদের সম্মুখীন হওয়া সমস্যার একটি ব্যবহারিক সমাধান হিসেবে কাজ করে। ফার্লি পোস্ট অফিস ভবনের অভিযোজিত পুনর্ব্যবহারের মাধ্যমে আমাদের স্থাপত্য অতীতের সাথে সংযুক্ত হয়ে আমরা নিউ ইয়র্কে নতুন জীবনের শ্বাস নিচ্ছি, এবং দশকের পর দশক ধরে এখানে কেউ পায়নি এমন এক অভিজ্ঞতা রচনা করছি।"

**###**

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন